

ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি:	নন্দন কুমার বনিক নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
সভার স্থান:	সম্মেলন কক্ষ, সিসিআইএন্ডই
সভার তারিখ:	২৯ নভেম্বর, ২০১৮ খ্রিঃ
সভার সময়:	বিকাল ০৩.০০ ঘটিকা
সভার উপস্থিতি:	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় তিনি ১৪/০৩/২০১৮ খ্রিঃ তারিখে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন সংক্রান্ত সভায় যে সকল সিদ্ধান্ত নেয়া হয়েছিল তার অগ্রগতির সর্বশেষ অবস্থা সম্পর্কে জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার এর নিকট জানতে চান। জনাব জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার সভাকে জানান যে, গত ইনোভেশন সংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং ইনোভেশন সংক্রান্ত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তাছাড়া ১ নভেম্বর, ২০১৮ তারিখ নতুন কর্মবন্টন হওয়ায় অত্র সভায় জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার পূর্বের ইনোভেশন টীম পরিবর্তন করে নতুন ইনোভেশন টীম পুনর্গঠনের জন্য একটি প্রস্তাব পেশ করেন। তাছাড়াও অত্র দপ্তরের ইনোভেশন সংক্রান্ত ট্রেইনিং আয়োজন ও ইনোভেশন কার্যক্রমে সকলকে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। মেন্টর/মেন্টি এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্বাচন বিষয়ে আলোচনা হয়। ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য সময়মত ওয়েবসাইটে আপলোড এবং তথ্য হালনাগাদের জন্য বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়। পরিশেষে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্তসমূহ অত্র দপ্তর কর্তৃক কার্যকরভাবে বাস্তবায়নে আলোচনা করা হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

ক) উক্ত সভায় সকলের সম্মতিক্রমে অত্র দপ্তরের ইনোভেশন টিমের টিম লিডার ও সদস্যবৃন্দ মনোনয়নের জন্য প্রস্তাব করা হয়।
টিম লিডার ও তার সদস্যবৃন্দ নিম্নরূপঃ

নাম	পদবী
নন্দন কুমার বনিক	নিয়ন্ত্রক
সদস্যবৃন্দ	
মনিরুজ্জামান খান	উপ- নিয়ন্ত্রক
মোঃ সিরাজুল ইসলাম	সহকারী নিয়ন্ত্রক
মোঃ এমরান হোসেন	নির্বাহী অফিসার
মোঃ জাহিদুল আলম চৌধুরী	নির্বাহী অফিসার

খ) উক্ত সভায় সকলের সম্মতিক্রমে ২ (দুই) জন মেন্টর/মেন্টির নাম প্রস্তাব করা হয়। মেন্টর/মেন্টির নাম নিম্নরূপঃ

মনিরুজ্জামান খান	উপ- নিয়ন্ত্রক
মোঃ সিরাজুল ইসলাম	সহকারী নিয়ন্ত্রক

গ) উক্ত সভায় সকলের সম্মতিক্রমে ১(এক) জন তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়। তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম নিম্নরূপঃ

মোঃ সিরাজুল ইসলাম	সহকারী নিয়ন্ত্রক
-------------------	-------------------

(ঘ) দপ্তরের ওয়েবসাইটের ইনোভেশন কর্নারে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য আপলোড করতে হবে;

(ঙ) ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(চ) ১ ও ২ দিনের ট্রেইনিং আয়োজনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ছ) ইনোভেশন সংক্রান্ত যে কোন উদ্ভাবনকে গুরুত্বের সহকারে বিবেচনা করতে হবে এবং ইনোভেশন টিমকে অবহিত করতে হবে ;

(জ) দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীকে ইনোভেশন পস্তাব জমা দেয়ার জন্য উদ্রুদ্ধ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৯-১১-১৮

(নন্দন কুমার বনিক)

নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

controller.ho@ccie.gov.bd

ফোন-৯৫৫৮৪২৭